# UTTARA UNIVERSITY

*Quality Education at Affordable Tuition*

(Govt. & UGC Approved)
Est. 2003

House: 04, Road: 15, Sector: 06, Uttara Model Town, Uttara, Dhaka- 1230, Bangladesh
Phone: 58951116,58952280,58953325,58953854,58955310,58955794,58957316,48956502,48956504,48957261,48957262,48963365,48963551
Email: info@uttarauniversity.edu.bd, Web: uttarauniversity.edu.bd


Ref: UU/OR/Notice/12998/23 Date: 12.01.2023

## জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২৮ নভেম্বর ২০২২ তারিখের ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৮৪১ এবং ১১ ডিসেম্বর ২০২২ তারিখের ৩৭.০১.০০০০. ১৩২.৯৯.০০২.২১.৯১২ নং পত্রের (পত্রদ্বয়ের কপি সংযুক্ত) মাধ্যমে ০১ জানুয়ারী ২০২৩ তারিখ হতে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাই-সেমিস্টার পদ্ধতি অনুসরণ এবং OBE এর আলোকে প্রণীত ও মঞ্জুরী কমিশনে প্রেরিত আপডেটেড কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনার নির্দেশনা দেয়া হয়েছে। তদুপরি, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এর ১৫ ধারার আওতায় প্রণীত বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফেমওয়ার্ক (BNQF) -এও অনুরূপ বাধ্যবাধকতা রয়েছে এবং দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় অনুরূপ পদ্ধতি অনুসরণ করছে।

ইউজিসির উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের সকল ডিন, চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে ০১ জানুয়ারি ২০২৩ তারিখ হতে উত্তরা ইউনিভার্সিটির সকল বিভাগের সকল প্রোগ্রামে ১ম সেমিস্টারের (স্প্রিং ২০২৩ এ ভর্তিকৃত) শিক্ষার্থীদের পাঠদান/ শিক্ষা কার্যক্রম বাই-সেমিস্টার পদ্ধতি অনুসরণে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এ প্রেক্ষিতে মঞ্জুরী কমিশনের ১১ ডিসেম্বর ২০২২ তারিখের পত্র মোতাবেক উত্তরা ইউনিভার্সিটির সকল বিভাগের সকল প্রোগ্রামে ১ম সেমিস্টারের (স্প্রিং ২০২৩ এ ভর্তিকৃত) শিক্ষার্থীদের পাঠদান/ শিক্ষা কার্যক্রম বাই-সেমিস্টার পদ্ধতিতে পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ডিন, চেয়ারম্যান, কো-অর্ডিনেটর ও প্রশাসনিক অফিস প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

১২/০১/২৩

কাজী মহিউদ্দিন
রেজিস্ট্রার

**অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

- জনাব নাবিদ আজিজ, সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ
- জনাব আবিদ আজিজ, সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ

১) ভাইস চ্যান্সেলর
২) প্রো-ভাইস-চ্যান্সেলর
৩) ট্রেজারার
৪) উপদেষ্টা, উত্তরা ইউনিভার্সিটি ও প্রফেসর, ইংরেজি বিভাগ
৫) পরীক্ষা নিয়ন্ত্রক
৬) সকল ডিন
৭) সকল চেয়ারপার্সন
৮) পরিচালক (অর্থ ও হিসাব)
৯) এ্যাডিশনাল রেজিস্ট্রার
১০) ডিরেক্টর, স্টুডেন্টস এ্যাফেয়ার্স
১১) প্রজেক্ট ডিরেক্টর
১২) প্রক্টর
১৩) ডিরেক্টর, আইটি ডিভিশন
১৪) ডেপুটি কন্ট্রোলার
১৫) সকল ডেপুটি রেজিস্ট্রার
১৬) ডেপুটি ডিরেক্টর (এপিপিআর)
১৭) ডেপুটি ডিরেক্টর, আইটি ডিভিশন
১৮) সকল সহকারী রেজিস্ট্রার
১৯) সকল বিভাগীয় প্রোগ্রাম কো-অর্ডিনেটর
২০) সিনিয়র এস.ও/সেকশন অফিসার (সকল বিভাগ ও ক্যাম্পাস)
২১) অফিস কপি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৮৪১

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯
২৮ নভেম্বর ২০২২

বিষয়: **১ জানুয়ারী ২০২৩ হতে বাই-সেমিস্টার পদ্ধতি অনুসরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে অধিকাংশ বেসরকারি বিশ্ববিদ্যালয় বাই-সেমিস্টার পদ্ধতি অনুসরণের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে এবং কিছু সংখ্যক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকাল হতে সুনামের সাথে বাই-সেমিস্টার পদ্ধতি অনুসরণ করে আসছে।

২। উল্লেখ্য যে, বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ২৪(৩) এবং ৩৫(১) ধারা মোতাবেক আপনার বিশ্ববিদ্যালয়ের প্রতিটি প্রোগ্রাম ও কোর্স অনুমোদনের অন্যতম শর্ত হলো 'প্রোগ্রামটি অবশ্যই ডুয়েল-সেমিস্টার ভিত্তিতে পরিচালনা করতে হবে'।

৩। উল্লেখ্য যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চাহিদা মোতাবেক কমিশন কর্তৃক প্রণীত আউটকাম বেইজড এডুকেশন (OBE) টেমপ্লেট অনুযায়ী বিশ্ববিদ্যালয় পর্যায়ের সকল প্রোগ্রাম বাই-সেমিস্টার পদ্ধতিতে পরিচালনার বাধ্যবাধকতা রয়েছে। তদুপরি, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ এর ১৫ ধারার আওতায় প্রণীত বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF)-এও অনুরূপ বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য যে, দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় অনুরূপ পদ্ধতি অনুসরণ করছে।

৪। বর্ণিতাবস্থায়, দেশের সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে একই ধরণের শিক্ষা পদ্ধতি (বাই-সেমিস্টার) বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১ জানুয়ারী ২০২৩ তারিখ হতে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কমিশন প্রণীত নির্দেশনা অনুসরণপূর্বক বাই-সেমিস্টার পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম আবশ্যিকভাবে পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৮-১১-২০২২
মোঃ ওমর ফারুখ
পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৮৪১/১(৪)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯
২৮ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৪) ব্যক্তিগত কর্মকর্তা ( পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৮-১১-২০২২
মোঃ শরিফুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৯১২

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিষয়: **প্রেরিত প্রোগ্রামসমূহের আপডেটেড কারিকুলাম অনুযায়ী ১ জানুয়ারী ২০২৩ থেকে শিক্ষা কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

সূত্র: (১) কমিশনের স্মারক নং-৩৭.০১.০০০০.১৩১.৯৯.০০৪.২০.৩৭৬/১১৩৮ তারিখঃ ৬ এপ্রিল ২০২২ এবং
(২) স্মারক নং-৩৭.০১.০০০০.১৩১.৯৯.০০৪.২০.২৭৯ তারিখঃ ২৫ মে ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার বিশ্ববিদ্যালয়ের OBE এর আলোকে প্রেরিত আপডেটেড কারিকুলামসমূহ শর্তসাপেক্ষে ১ জানুয়ারী ২০২৩ হতে চূড়ান্ত অনুমোদনপত্র ইস্যু না হওয়া পর্যন্ত কমিশন কর্তৃক সাময়িকভাবে অনুমোদন প্রদান করা হবে।

২। উল্লেখ্য যে, অতিশীঘ্রই প্রোগ্রামের শিরোনাম ও আসনসংখ্যা উল্লেখপূর্বক শর্তসাপেক্ষে সাময়িক অনুমোদনপত্র ইস্যু করা হবে।

৩। প্রেরিত আপডেটেড কারিকুলামসমূহ অনুসরণপূর্বক কমিশন নির্ধারিত আসন সংখ্যার ভিত্তিতে বাই-সেমিস্টার পদ্ধতিতে আগামী ১ জানুয়ারী ২০২৩ থেকে ১ম সেমিস্টারের শিক্ষার্থীদের পাঠদান/শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।

৪। প্রেরিত কারিকুলামসমূহের উপর কমিশন মনোনীত বিশেষজ্ঞ প্রদত্ত শর্ত/নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সংশ্লিষ্ট কারিকুলামটি সংশোধন সাপেক্ষে পরবর্তীতে কমিশন হতে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হবে। চূড়ান্ত অনুমোদন প্রদানের সাথে সাথে সাময়িক অনুমোদন পত্রটি বাতিল বলে গণ্য হবে।

বর্ণিতাবস্থায়, প্রেরিত আপডেটেড কারিকুলামসমূহ অনুসরণপূর্বক আগামী ১ জানুয়ারী ২০২৩ থেকে ১ম সেমিস্টারের শিক্ষার্থীদের পাঠদান/শিক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

১১-১২-২০২২
মোঃ ওমর ফারুখ
পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩২.৯৯.০০২.২১.৯১২/১(৪) তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৪) ব্যক্তিগত কর্মকর্তা ( পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



১১-১২-২০২২
মোঃ শরিফুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক